

Times Today BD

মঞ্জুরুল ইসলাম | ময়মনসিংহ | 11 May, 2025

ময়মনসিংহের সদর উপজেলায় ঝড়ে গাছ উপড়ে পড়ে দুই জনের মৃত্যু হয়েছে।

রবিবার(১১ মে) বিকালে ৩ টার দিকে ঘাগড়া ইউনিয়নের বাড়েরা এলাকায় ও মরাকুড়ি এলাকায় এ ঘটনা ঘটে।

নিহতরা হলেন, বাড়েরা এলাকার আব্দুল মজিদের ছেলে সজিব (২০), মরাকুড়ি এলাকার আফসার আলীর ছেলে সুরজ আলী (৬০)।

স্থানীয় সূত্র জানায়, বিকাল ৩ টার দিকে বাড়েরা এলাকায় ঝড় শুরু হলে একটি গাছের নিচে আশ্রয় নেন সজিব। এসময় হঠাৎ ঝড়ে গাছ উপড়ে সজিবের উপরে পরে। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

অপরজন মরাকুড়ি এলাকার বাসিন্দা সুরজ মিয়া বাড়ির পাশেই দাড়িয়ে ছিলেন। এ সময় ঝড়ে একটি ডাল তার মাথার ওপরে এসে পড়ে। এতে তিনি গুরুতর আহত হন। পরে তাঁকে স্থানীয় হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

ঘাগড়া ইউনিয়ন পরিষদের প্রশাসক শরীফ আহমেদ ঝড়ে গাছ উপড়ে দুই জনের মৃত্যুর বিষয়টি নিশ্চিত করে বলেন, খবর পেয়ে নিহতদের পরিবারকে সহায়তা করতে ঘটনাস্থলে যাচ্ছি।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 17:13

URL: <https://timestodaybd.com/public/mymensingh/7758072328>